

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০১.২০২০-


তাং- ১০/১৪২৭
/০৭/২০২০

বিষয়ঃ যমুনা টেলিভিশনে দেওয়া বক্তব্য টুকটাক খরচের বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্রঃ যমুনা টেলিভিশনে প্রচারিত সংবাদ।

আপনি জনাব সেলিনা আক্তার (পিতা-আঃ জাফর ফকির), সেবা তত্ত্বাবধায়ক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর বিরুদ্ধে জনাব মোঃ মহিউদ্দিন (পিতা- সিদ্দিকুর রহমান), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর মাধ্যমে নবনিয়োগ প্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সগণের নিকট হতে পিডিএস, পে বিল ফিল্ডেশন, মেডিকেল ফিটনেস, সীলসহ বিভিন্ন প্রকার কাজের অজুহাত দেখিয়ে অবৈধভাবে ২১০০/- (দুই হাজার একশত টাকা মাত্র) টাকা উত্তোলন করা হচ্ছে মর্মে যমুনা টেলিভিশনে সংবাদ প্রচারিত হয়। এতে আপনি ডিজিটাল সীল বানানোসহ টুকটাক খরচ হয় মর্মে জনাব মোঃ মহিউদ্দিন এর পক্ষে যমুনা টেলিভিশনের সংবাদ মাধ্যমে স্বীকারোক্তিমূলক বক্তব্য প্রদান করেন। আপনা কর্তৃক এহেনভাবে অবৈধভাবে চাঁদা (অর্থ) আদায়ে সম্মতি প্রদান করা সরকারি কর্মচারি শৃংখলা ও আচরণ বিধিমালায় পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ।

২। এমতাবস্থায়, যমুনা টেলিভিশনে দেওয়া বক্তব্য টুকটাক খরচের বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর মাধ্যমে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলো।


সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪

জনাব সেলিনা আক্তার
পিতা-আঃ জাফর ফকির
সেবা তত্ত্বাবধায়ক
শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল
বরিশাল

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০১.২০২০- ৬২/১ (১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
- ৪। উপসচিব (নার্সিং সেবা-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন/ শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৭। পরিচালক (শৃংখলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৮। সেবা তত্ত্বাবধায়ক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
- ৯। মহাপরিচালকএর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

তাং- ১০/১৪২৭
/০৭/২০২০


সহকারী পরিচালক (শৃংখলা)
১৩/৭/২০২০

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা